

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
নির্মাণ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নং- ৫৯.০০.০০০০.১৩১.০৬.০০৯.২০-১৪৩

তারিখ: ০৯ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
২৫ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন পুরাতন ভবন/ জরাজীর্ণ ভবন/ স্থাপনা/ দালানসমূহ অকেজো ঘোষণাকরণ ও নিলামের মাধ্যমে বিক্রয়ের জন্য কমিটি গঠন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৬.১১.২০১৭ খ্রি. তারিখের ৫৯.০০.০০০০.১৩০.২৬.০০৩.২০১৭-১১ নং স্মারকে গঠিত কমিটি বাতিলপূর্বক স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন পুরাতন ভবন/ জরাজীর্ণ ভবন/ স্থাপনা/ দালানসমূহ অকেজো ঘোষণাকরণ ও নিলামের মাধ্যমে বিক্রয়ের জন্য নির্দেশক্রমে নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো-

পুরাতন ভবন/জরাজীর্ণ ভবন/স্থাপনা/দালানসমূহ অকেজো ঘোষণাকরণ সংক্রান্ত জেলা কমিটি

ক্রম	কমিটির সদস্যগণের পদবী	কমিটিতে অবস্থান
১	জেলা প্রশাসক	আস্থায়ক
২	নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ (সংশ্লিষ্ট জেলা)	সদস্য
৩	নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (সংশ্লিষ্ট জেলা)	সদস্য
৪	উপজেলা নির্বাহী অফিসার বা তদকর্তৃক মনোনীত উপজেলা পর্যায়ের একজন ১ম শ্রেণির কর্মকর্তা	সদস্য
৫	প্রত্যাশী সংস্থা/প্রতিষ্ঠান প্রধান	সদস্য সচিব

পুরাতন ভবন/জরাজীর্ণ ভবন/স্থাপনা/দালানসমূহ অকেজো ঘোষণাকরণ সংক্রান্ত বিভাগীয় কমিটি

ক্রম	কমিটির সদস্যগণের পদবী	কমিটিতে অবস্থান
১	বিভাগীয় কমিশনার	আস্থায়ক
২	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল (সংশ্লিষ্ট বিভাগ)	সদস্য
৩	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (সংশ্লিষ্ট বিভাগ)	সদস্য
৪	মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপসচিব পর্যায়ের)	সদস্য
৫	প্রত্যাশী সংস্থা/প্রতিষ্ঠান প্রধান	সদস্য সচিব

• **মেডিকেল বিশ্ববিদ্যালয়/মেডিকেল-এর ক্ষেত্রে**

মেডিকেল বিশ্ববিদ্যালয়/মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজের ক্ষেত্রে অধ্যক্ষ বা তদকর্তৃক মনোনীত উপযুক্ত প্রতিনিধি কমিটির সদস্য-সচিব নির্বাচিত হবেন।


কমিটির কার্যপরিধি

- কমিটি ভবন ব্যবহারকারী কর্তৃপক্ষের নিকট থেকে ভবন ব্যবহার অনুপযোগী সংক্রান্ত প্রত্যয়নপত্র সংগ্রহ করবে;
- ভবনটি রোগীদের চিকিৎসার কাজে ব্যবহৃত হলে তাদের চিকিৎসার জন্য বিকল্প ব্যবস্থা গ্রহণ করবে;
- কমিটির সভাপতি প্রত্যাশী সংস্থা/প্রতিষ্ঠান প্রধান হতে এ সংক্রান্ত প্রস্তাব প্রাপ্তির পর পুরাতন ভবন/জরাজীর্ণ ভবন/স্থাপনা/দালানসমূহ সরেজমিনে পরিদর্শনপূর্বক অকেজো ঘোষণা ও ভবন/স্থাপনা ব্যবহার নিষিদ্ধ ঘোষণা করবেন;
- কমিটি জরিপপূর্বক পুরাতন অকেজো ঘোষিত ভবনের মূল্য নির্ধারণ করবে;
- অকেজো ঘোষিত ভবন নিলামের জন্য প্রাক্কলিত মূল্য ৫ লাখ টাকার অধিক হলে সংশ্লিষ্ট অধিদপ্তরের মহাপরিচালকের এবং নিলামের জন্য প্রাক্কলিত মূল্য ১০ লাখ টাকার অধিক হলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের অনুমোদন গ্রহণ করতে হবে;
- কমিটি নিলাম বিক্রয়ের জন্য বিধি মোতাবেক বিজ্ঞপ্তি প্রচার করে নিলাম কার্যাদি সম্পন্ন করবে;
- Public Procurement Rules, 2008 এবং Public Procurement Act, 2006- অনুসরণপূর্বক নিলাম কার্যাদি সম্পন্ন করবে।
- প্রত্যাশী সংস্থা/প্রতিষ্ঠান প্রধান নিলাম কমিটির সুপারিশ মোতাবেক স্থাপনা ভাঙ্গা, অপসারণ ও নিলামের মাধ্যমে প্রাপ্ত অর্থ যথানিয়মে সরকারি কোষাগারে জমা প্রদান করবেন;
- প্রত্যাশী সংস্থা/প্রতিষ্ঠান প্রধান এতদসংক্রান্ত কার্যক্রমের সংশ্লিষ্ট কাগজপত্রাদি/দলিলাদি স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে যথাসময়ে প্রেরণ করবেন; এবং


মোহাম্মদ মফিজুল ইসলাম
উপসচিব
নির্মাণ শাখা
ফোন: ৫৫১০১২৭১

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর/নিপোর্ট, ঢাকা
০২. বিভাগীয় কমিশনার, (সকল)
০৩. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা
০৪. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা
০৫. ভিসি, মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল)
০৬. অধ্যক্ষ, মেডিকেল কলেজ (সকল)
০৭. অধ্যক্ষ, ডেন্টাল কলেজ (সকল)
০৮. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত বিভাগ (সকল)
০৯. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (সকল)
১০. বিভাগীয় পরিবার পরিকল্পনা অফিস, (সকল)
১১. জেলা প্রশাসক, (সকল)
১২. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩. পরিচালক, শিশু-মাতৃ স্বাস্থ্য ইনস্টিটিউট মাতুয়াইল/আজিমপুর, ঢাকা
১৪. অধ্যক্ষ, মেডিকেল এসিস্ট্যান্ট ট্রেনিং স্কুল (সকল)
১৫. অধ্যক্ষ, নার্সিং ও মিডওয়াইফারি কলেজ (সকল)
১৬. অধ্যক্ষ, আঞ্চলিক জনসংখ্যা প্রশিক্ষণ প্রতিষ্ঠান (সকল)
১৭. অধ্যক্ষ, ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি (সকল)
১৮. ইন্সট্রাক্টর, নার্সিং ইনস্টিটিউট (সকল)
১৯. উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল)
২০. উপজেলা নির্বাহী অফিসার, (সকল)
২১. অধ্যক্ষ, ইউনানী ও আয়ুর্বেদিক কলেজ/হোমিওপ্যাথিক কলেজ, ঢাকা
২২. প্রোগ্রামার, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)
২৩. যুগ্মসচিব, (উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৪. যুগ্মসচিব, (নির্মাণ ও মেরামত) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৫. অফিস কপি।


মোহাম্মদ হাফিজুল ইসলাম
উপসচিব
নির্মাণ শাখা
ফোন: ৫৫১০২২৭১